# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 MARCH 2026** **7:45—7:55**

---

(১) রাজ্যসভায় আজ দেশের ২০ টি রাজ্যের ৫৯ জন সদস্যকে বিদায় সম্ভাষন ।

(২) আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য রাজ্যে বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থী বাছাই ,মনোনয়ন দাখিল সহ নির্বাচনী তৎপরতা অব্যাহত ।

(৩) নির্বাচন কমিশনের রাজ্যে নিয়োগ করা বেশকয়েকজন পর্যবেক্ষকের সংশ্লিষ্ট জেলায় দায়িত্ব গ্রহণ ।

এবং

(৪) কেন্দ্রীয় গ্রাহক সুরক্ষা কর্তৃপক্ষের ই-বাণিজ্যের ক্ষেত্রে গ্রাহক অধিকার লঙ্ঘন করা এবং অনৈতিকভাবে বাণিজ্যিক কাজকর্ম চালানো বেশ কিছু সংখ্যক ব্যাবসায়িক প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ।

--------------------------------------------------------------------------------

রাজ্যসভায় আজ দেশের ২০ টি রাজ্যের ৫৯ জন সদস্যকে বিদায় সম্ভাষন জানানো হয়েছে । এরমধ্যে নয়জন মহিলা সদস্য রয়েছেন । এই বিদায় অনুষ্ঠানে অংশগ্রহণ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে সংসদীয় গণতন্ত্রের প্রতি এই সদস্যদের অবদান সর্বদা স্মরনীয় হয়ে থাকবে । তিনি বলেন যে রাজনীতিতে কখনও যবনিকা পড়ে না । কারণ সদস্যদের অভিজ্ঞতা ও অবদান জাতির জন্য সর্বদা প্রাসংগিক ও মূল্যবানরূপে পরিগণিত হয়ে আসছে । প্রধানমন্ত্রী আরো বলেন যে প্রতি দুবছর পর পর সভায় একাংশ সদস্যকে বিদায় জানাবার আবেগিক মূহূর্ত আসে । এধরণের মূহূর্তে তিনি সর্বদা সদস্যদের প্রতি নিজের সম্মান প্রদর্শন করেন বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

শ্রী মোদী বলেন যে সভা নিজেই একটি মুক্ত বিশ্ববিদ্যালয় এবং এটি জাতীয় জীবনকে সমৃদ্ধ করার বহু সুবিধা প্রদান করেছে ।

বাইট---প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বলেন প্রবীন সদস্যরা সংসদীয় কাজকর্মের মধ্যে নিজেদের জীবনের বেশীরভাগ সময় কাটিয়েছেন । সভার নতুন সদস্যরা সভার কাজকর্মে কিভাবে উদার মনোভাব পোষন করা সহ সামাজিক দায়বদ্ধতার পরিচয় তুলে ধরতে হয় তা প্রবীণ সদস্যদের থেকে শেখা উচিত ।

এরপূর্বে সভার সভাপতি সি পি রাধাকৃষ্ণণ বলেন যে প্রতি দুবছর পর পর রাজ্যসভার এক তৃতীয়াংশ সদস্যের বিদায় নেওয়া আমাদের সাংবিধানিক ব্যাবস্থাকে প্রতিফলিত করে । এই বিদায় অনুষ্ঠানে বিরোধী দলের নেতা মল্লিকার্জুন খার্গে বলেন যে যেসকল লোক রাজনীতি বা জনসেবায় এগিয়ে এসেছেন তাঁরা কখনও অবসর নেন না । শ্রী খার্গে বলেন যে তিনি সভার কাজকর্মে অংশগ্রহণ করার সময় অন্য সদস্যদের কাছ থেকে শিখে বুঝে নেবার সর্বদা চেষ্টা করেছেন ।

---------------------------------------------------------------------------

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দল প্রার্থী বাছাই , প্রচার , মনোনয়নপত্র দাখিল সহ নির্বাচনী তৎপরতা অব্যাহত রেখেছে । শাসকদল বিজেপি আজ রাতে বা আগামীকালের মধ্যে প্রার্থী তালিকা প্রকাশ করবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ইতিপূর্বে ঘোষণা করেছেন । এদিকে কংগ্রেস দল এপর্যন্ত দুটি প্রার্থী তালিকা প্রকাশ করেছে । কংগ্রেস দল অসম জাতীয় পরিষদ , সি পি আই এম , এ পি এইচ এল সি , এবং সি পি আই এম এল দলের সঙ্গে মিত্রতা করে নির্বাচনে অবতীর্ণ হয়েছে ।অসম জাতীয় পরিষদ দল ৮ টি আসনের জন্য প্রথম প্রার্থী তালিকা প্রকাশ করেছে । এ আই ইউ ডি এফ দল এপর্যন্ত ২১ টি আসনের জন্য প্রার্থীর নাম ঘোষণা করেছে । অনুরূপভাবে ইউ পি পি এল দল ৭ টি আসনের জন্য এবং সি পি আই এম এল দুটি আসনের জন্য প্রার্থীর নাম ঘোষণা করেছে ।আম আদমী পার্টি ১৪ টি আসনের জন্য এবং রাইজর দল ১১ টি আসনের জন্য প্রার্থী তালিকা ঘোষণা করেছে ।বি পি এফ দল আগামী শুক্রবার প্রার্থী তালিকা প্রকাশ করবে বলে বিটিসি প্রধান হাগ্রামা মহিলারী জানিয়েছেন ।কংগ্রেস দলের প্রবীণ নেতা তথা নগাঁও লোকসভার সাংসদ প্রদ্যুৎ বরদলৈ আজ আনুষ্ঠানিকভাবে বিজেপিতে যোগ দিয়েছেন ।এদিকে বিভিন্ন রাজনৈতিক দলের বেশ কয়েকজন প্রার্থী মনোনয়ন সংগ্রহ, মনোনয়ন দাখিল করা সহ

প্রচার অভিযান আরম্ভ করেছে । অসম জাতীয় পরিষদের নেতা লুরীণজ্যোতি গগৈ খোয়াং বিধানসভা কেন্দ্র থেকে আজ প্রচার অভিযান শুরু করছেন ।

---

নির্বাচন কমিশন রাজ্যে বিধানসভা নির্বাচন সুষ্ঠু ভাবে পরিচালনা করার জন্য নিয়োগ করা নির্বাচনী পর্যবেক্ষকরা ইতিমধ্যে বিভিন্ন জেলায় উপস্থিত হয়েছেন । রাজ্যে আসন্ন নির্বাচনের জন্য ১৩৬ জন কেন্দ্রীয় পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে । এর মধ্যে ৫১ জন সাধারণ পর্যবেক্ষক , ৫০ জন ব্যয় এবং ৩৫ জন পুলিশ পর্যবেক্ষক ।নির্বাচন কমিশন ভারতীয় পুলিশ সেবার আধিকারীক চরণ সিং মিনাকে শ্রীভূমি জেলার পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করেছে ।শ্রী মিনা শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসন উত্তর করিমগঞ্জ , দক্ষিণ করিমগঞ্জ , পাথারকান্দি এবং রামকৃষ্ণনগর বিধানসভা আসনের নির্বাচনের যাবতীয় আইনশৃঙ্খলা সংক্রান্ত বিষয়গুলি পর্যবেক্ষণ করবেন । নির্বাচন কমিশন রাজনৈতিক দল তথা মন্ত্রী এবং আধিকারীকদের জন্যও বিশেষ নীতি নির্দেশনা জারি করেছে ।এই নির্দেশ অনুযায়ি মন্ত্রীদেরকে সরকারী কাজকর্মের সঙ্গে নির্বাচনী প্রচারকে একাকার না করতে তথা নির্বাচনী প্রচারের কাজে সরকারী যন্ত্র , ব্যক্তি বা পরিবহণ ব্যবহার না করার নির্দেশ দেয় । অনুরূপভাবে সরকারী আধিকারীকদের নির্বাচনী আদর্শ এবং নিরপেক্ষতা বজায় রাখতে তথা রাজনৈতিক দল সমুহকে সভা , র‍্যালি ইত্যাদির বিষয়ে পুলিশকে অগ্রীম অবগত করানো এবং নিষেধাজ্ঞা মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে ।

---

শ্রীভূমি জেলায় আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্ন করতে জেলায় ১১০জন মাইক্রো অবজারভার নিয়োগ করা হয়েছে । জেলা নির্বাচনী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে মাইক্রো অবজারভারদের আগামীকাল সকাল সাড়ে ১১টায় জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে প্রশিক্ষন অনুষ্টিত হবে । প্রশিক্ষনের সময় মাইক্রো অবজারভারদের দু কপি পাসপোর্ট সাইজের ফোট নিয়ে আসতে বলা হয়েছে ।

---

এদিকে জেলায় স্কোয়াড টিম ও স্ট্যাটিক সার্ভিলেন্স টিমকে সক্রিয় করা হয়েছে । নির্বাচন সংক্রান্ত আর্দশ আচরণ বিধি কঠোরভাবে বাস্তবায়ন ও লংঘন প্রতিরোধে এই দলগুলি জেলাজুড়ে কড়া নজরদারি ও নিয়মিত অভিযান চালাবে । ফ্লাইং স্কোয়াড টিমের সদস্যরা সন্দেহজনক গতিবিধির উপর তীক্ষন নজর রাখছেন । বিশেষ করে যানবাহন তল্লাশি ও নগদ অর্থ বা অন্যান্য সামগ্রীর গতিবিধির উপর নজরদারী বাড়ানো হয়েছে ।

---

কাছাড় ও শ্রীভূমি জেলার মডেল কোড অব কনডাক্ট সেলের পক্ষ থেকে জেলার সব প্রিন্টিং প্রেস ও প্রকাশকদের জন্য জরুরী নির্দেশিকা জারী করা হয়েছে । নির্দেশিকায় বলা হয়েছে যে জনপ্রতিনিধিত্ব আইন১৯৫১-র ১২৭ ধারা অনুযায়ী নির্বাচনী প্যামফলেট , পোস্টার ও অন্যান্য প্রচার সামগ্রী মুদ্রনের ক্ষেত্রে কঠোর বিধি নিষেধ আরোপ করা হয়েছে । নির্দেশনা অনুসারে প্রতিটি নির্বাচনী প্রচার পত্রে সম্মুখভাগে মুদ্রক ও প্রকাশকের নাম ও পূর্ন ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ্য করতে হবে । মুদ্রনের কাজ শেষ হওয়ার পর একটি কপি জেলা ম্যাজিষ্ট্রেটের কাছে পাঠাতে হবে । নির্দেশ অমান্য করলে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

কেন্দ্রীয় গ্রাহক সুরক্ষা কর্তৃপক্ষ সি সি পি এ ই-বাণিজ্যের ক্ষেত্রে গ্রাহক অধিকার লঙ্ঘন করা এবং অনৈতিকভাবে বাণিজ্যিক কাজকর্ম চালানো বেশ কিছু সংখ্যক ব্যাবসায়িক প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যাবস্থা গ্রহণ করেছে । লোকসভায় আজ এক পরিপূরক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় গ্রাহক পরিক্রমা মন্ত্রী প্রহ্লাদ যোশী বলেন যে ২০২০ সাল থেকে ই-কমার্স ক্ষেত্রে চলে আসা অনৈতিক বাণিজ্যিক কাজকর্মের ক্ষেত্রে লিগেল মেট্রোলজি বিভাগ ৯৯৭ টি নির্দেশ জারী করেছে । মন্ত্রী শ্রী যোশী বলেন যে এধরণের কার্য ব্যাবস্থা গ্রহণ করার পর বেশকিছু সংখ্যক ই-বাণিজ্য ব্যাবসায়ী গ্রাহকদের অভিযোগ নিষ্পত্তিকরনের ব্যাবস্থা কঠোর করেছে । মন্ত্রী আরো বলেন যে গ্রাহককে একহাজার চারশ ৪০ কোটি টাকা ফিরিয়ে দেওয়া বিগত সময়ে গ্রাহক সুরক্ষা বিভাগের উল্লেখযোগ্য সফলতা ।

---

মণিপুরে উগ্রপন্থী সংগঠনের বিরুদ্ধে অব্যাহত থাকা অভিযানে বিগত ২৪ ঘন্টায় নিরাপত্তা বাহিনী রাজ্যটির বিভিন্ন প্রান্ত থেকে ৩ টি উগ্রপন্থী সংগঠনের ৩ জন সদস্যকে অপত্তিজনক সামগ্রী সহ গ্রেপ্তার করেছে । আজ মণিপুর পুলিশের মুখ্য কার্যালয় থেকে প্রকাশ করা এক বিবৃতিতে জানানো হয়েছে যে নিরাপত্তা বাহিনী কাকসিং জেলা , পূর্ব ইম্ফাল এবং পশ্চিম ইম্ফাল জেলা থেকে এই তিনজন উগ্রপন্থী সদস্যকে গ্রেপ্তার করেছে । রাজ্যটির স্পর্শকাতর অঞ্চল সমুহে নিরাপত্তা বাহিনী বিভিন্ন সময়ে তল্লাশি অভিযান চালিয়ে অস্তশস্ত্র ও গোলা বারুদ ও উদ্ধার করেছে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের অধীন রেলওয়ে সুরক্ষা বাহিনী গতকাল গভীর রাতে বদরপুর রেল স্টেশনে অভিযান চালিয়ে হেরোইন সহ এক যুবককে আটক করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে শিলচর-রঙ্গিয়া এক্সপ্রেস ট্রেনে অভিযান চালিয়ে ২৯ দশমিক ৫-১ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়েছে এবং বিহারের বাসিন্দা অখিল রায় নামের এক যুবককে আটক করা হয়েছে । সুরক্ষা বাহিনী ঘটনার তদন্ত শুরু করেছে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় ১৪ বছর বয়সী কিশোরীদের জরায়ুর ক্যান্সার প্রতিরোধে করিমগঞ্জ সিভিল হাসপাতালে আজ থেকে হিউম্যান প্যাপিলোমা ভাইরাস টীকাকরন অভিযান শুরু হয়েছে । স্বাস্থ্য বিভাগ থেকে জানানো হয়েছে যে এই টীকা সার্ভাইক্যাল ক্যান্সার অর্থাৎ জরায়ুর ক্যান্সার প্রতিরোধে অত্যন্ত কার্যকর এবং নির্ধারিত বয়সসীমার কিশোরীদের বিনামূল্যে দেওয়া হবে । জেলার ১৪ বছর পূর্ন করা এবং ১৫ বছর না হওয়া কিশোরীদের , এই টীকা দেওয়া হবে । টীকা গ্রহনের সময় জন্মের প্রমান পত্র , আধার কার্ড , স্কুল সার্টিফিকেট সঙ্গে আনতে হবে । উল্লেখ্য আজকের সুরক্ষা-আগামী দিনের ক্যান্সারমুক্ত জীবন - এই লক্ষ্যেই টীকাকরন চালু করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

৪৫ তম নরেশ চন্দ্র পাল স্মৃতি সর্বভারতীয় বাংলা একাঙ্ক নাটক প্রতিযোগীতা আগামী ২১ শে মার্চ থেকে ২৯ শে মার্চ পর্যন্ত শিলচর বঙ্গভবনে অনুষ্ঠিত হবে । প্রতিযোগীতার বিচারক হিসেবে উপস্থিত থাকবেন শিলচর থেকে অধ্যাপক বিশ্বতোষ চৌধুরী , কোলকাতা থেকে জয়শ্রী ভট্টাচার্য্য এবং আগরতলা থেকে সুভাষ দাস । নয়দিনব্যাপী এই নাট্যোৎসবের অংশ হিসেবে আগামীকাল বিকেল চারটায় নরসিংটোলা ময়দান থেকে সাংস্কৃতিক শোভাযাত্রার আয়োজন করা হয়েছে । সব সংস্থার সদস্যদের নিজ নিজ ব্যানার সহ শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে । গতকাল সংস্থার কার্যালয়ে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে রূপম সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার সম্পাদক নিখিল পাল এখবর জানান ।

--------------------------------------------------------------------------------